# স্নাতক পাঠক্রম শিক্ষাবর্ষান্ত পরীক্ষা

ডিসেম্বর, ২০১৮ ও জুন, ২০১৯

ঐচ্ছিক পাঠক্রম

## বাংলা ( Bengali )

প্রথম পত্র

**Sahitya O Sanskritir Itihas : EBG-1**

**সময় ঃ চার ঘণ্টা**

**পূর্ণমান ঃ ১০০**

মানের গুরুত্ব ঃ ৭০%

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪০০ শব্দে) ঃ

২০ × ২ = ৪০

(ক) চণ্ডীদাস সমস্যার কারণ কী ? শ্রীকৃষ্ণকীর্তনের ভাষা, ভাব এবং রচনারীতির পরিচয় দিন। ৪ + ১৬

(খ) মনসামঙ্গলের দেবীর সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, এ কাব্যধারার যে-কোনো একজন শ্রেষ্ঠ কবির কাব্য-প্রতিভার আলোচনা করুন। ৪ + ১৬



[ পরের পৃষ্ঠায় দ্রষ্টব্য



(গ) কাশীরাম দাসের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, তাঁর রচিত মহাভারতের বৈশিষ্ট্য ও গুরুত্ব ব্যাখ্যা করুন। ৫ + ১৫

(ঘ) মৈথিলি-ব্রজবুলির কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত কেন করা হয় ? তাঁর কবিপ্রতিভার পরিচয় দিন। ৫ + ১৫

(ঙ) দৌলত কাজী কোন্ রাজসভার কবি ছিলেন ? তাঁর কবিপ্রতিভার পরিচয় দিন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলা ছোটগল্পকার হিসেবে রবীন্দ্রনাথের সার্থকতা বিচার করুন।

(খ) বাংলা কাব্যে নজরুলের বিশিষ্টতা ও অবদানের আলোচনা করুন।

(গ) শরৎচন্দ্রের উপন্যাসগুলির সংক্ষিপ্ত পরিচয় দিয়ে, বাংলা উপন্যাসে তাঁর বৈশিষ্ট্য ও স্থান নির্ণয় করুন।

(ঘ) বাংলা গদ্যে অক্ষয় কুমার দত্তের অবদানের আলোচনা করুন।

(ঙ) প্রাবন্ধিক বঙ্কিমচন্দ্রের প্রবন্ধসাহিত্যের উল্লেখসহ তাঁর গুরুত্ব আলোচনা করুন।

(চ) 'ভোরের পাখী' কে, কাকে বলেছিলেন ? উক্ত উক্তির আলোকে কবির সার্থকতা বিশ্লেষণ করুন।

(ছ) বাংলা নাট্যসাহিত্যে দ্বিজেন্দ্রলালের অবদান নির্ণয় করুন।

৩। যে-কোনো **চারটি** প্রসঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করুন (অনধিক ১০০ শব্দে) ঃ ৬ × ৪ = ২৪

(ক) বনলতা সেন

(খ) সদুক্তিকর্ণামৃত

(গ) স্বামী বিবেকানন্দের 'পরিব্রাজক'

(ঘ) ত্রয়ী মহাকাব্য

(ঙ) নবান্ন

(চ) কবিগান

(ছ) বাউল গান

(জ) বীরেন্দ্র চট্টোপাধ্যায়।